

একজন হত দরিদ্রের সাবলম্বী হওয়ার গল্প

আমি মো. মিজানুর রহমান, পিতাঃ মো.আব্দুর রহিম, গ্রামঃ মধ্য বাসুদেবপুর,ওয়ার্ড নং-৪, হাকিমপুর হিলি পৌরসভা, হাকিমপুর, দিনাজপুর।

আমার এমনো এক সময় গেছে যে দিনে দু-বেলা ভাত খাওয়ার মত অবস্থা ছিলনা, সংসার চালানো খুবই কঠিন ছিল। মাথায় একদিন চিন্তা আসল যে গোবাদি পশু-পাখি পালন করে উন্নতি করা যায় কি না, এই ভেবে পরামর্শ নেয়ার জন্য একদিন প্রাণিসম্পদ অফিসে আসি এবং সারদের পরামর্শে একটি বেসরকারী এনজিও থেকে ঋণ নিয়ে ২ টি বকনা গরু কিনি। উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের পরামর্শ অনুযায়ী লালন পালন করি অর্থাৎ সময় মত পরিচর্যা, পুষ্টি কর খাবার, কৃমি নাশক, ভ্যাকসিন, বীজ প্রদানের মাধ্যমে দুটি বাছুর হয়েছে, এভাবে প্রায় দেড় বছর কেটে যায়। বর্তমানে আমার ৪ টি গরু রয়েছে সেখান থেকে প্রতিদিন যে দুধ পাওয়া যায় তা থেকে পরিবারের চাহিদা মিটিয়ে বাজারে বিক্রি করে আমার যে আয় হয় তা দিয়ে সাচ্ছন্দে পরিবারের খরচ মিটে যায়।